Lens Asia

১৪ অক্টোবর, ২০২৬

ভারতের জেন-জি আন্দোলনের অনুপ্রেরণা বাংলাদেশ: নেহা বোরা

নোহা বোরা। ছবি: সংগৃহীত

ভারতের তরুণদের সরকারবিরোধী আন্দোলনে বাংলাদেশের ছাত্র-জনতার অভ্যুত্থান অনুপ্রেরণা জুগিয়েছে বলে মন্তব্য করেছেন দেশটির ছাত্রনেত্রী ও অল ইন্ডিয়া স্টুডেন্টস অ্যাসোসিয়েশনের (এআইএসএ) সভাপতি নেহা বোরা।

বাংলাদেশের সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্টের ষষ্ঠ জাতীয় সম্মেলন উপলক্ষে পাঠানো এক সংহতি বার্তায় তিনি বলেন, ‘আমরা জানি, ভারতে এখন সর্বত্র যে জেন-জি আন্দোলন দেখতে পাচ্ছি, তার সূচনা হয়েছিল বাংলাদেশে।’ বার্তাটি ছাত্র ফ্রন্টের ফেসবুক পেজে প্রকাশিত হয়েছে বলে জানিয়েছে ডেইলি ওয়াদা।

LENS ASIA

নেহা বোরা বলেন, বাংলাদেশের তরুণদের সংগ্রাম ভারতের মোদি সরকারের বিরুদ্ধে আন্দোলনরত তরুণদের অনুপ্রেরণা জোগাচ্ছে। ধর্মীয় মৌলবাদের বিরুদ্ধে বাংলাদেশের শিক্ষার্থীদের লড়াইয়ের সঙ্গে ভারতের তরুণদের আন্দোলনেরও যোগসূত্র রয়েছে বলে মনে করেন তিনি।

বার্তায় বাংলাদেশের বিশ্ববিদ্যালয়গুলোতে হুমকি বৃদ্ধি এবং মুক্তচিন্তার পরিসর সংকুচিত হওয়ার আশঙ্কা নিয়েও উদ্বেগ জানান নেহা। একই সঙ্গে শিক্ষাব্যবস্থার গৈরিকীকরণের বিরোধিতা করেন তিনি।

দক্ষিণ এশিয়ার তরুণদের মধ্যে সহযোগিতা ও সংহতি জোরদার করে উন্নত অঞ্চল গড়ে তোলার আহ্বান জানান এই ছাত্রনেত্রী।